



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো 2020 সালের COVID-19 জরুরী উচ্ছেদ ও ফোরক্লোসার প্রিভেনশন অ্যাক্টে স্বাক্ষর করেছেন

আইন (S.9114/A.11181) COVID সম্পর্কিত আবাসিক উচ্ছেদ এবং ফোরক্লোসার প্রক্রিয়াকরণের উপর এক সাময়িক স্থগিতাদেশ জারি করেছে

COVID-19 কারণে অর্থনৈতিক কষ্টের মধ্যে থাকা ভাড়াটে এবং বাড়ির মালিকদের রক্ষা করতে নিউ ইয়র্ক রাজ্যের প্রচেষ্টায় যোগদান করেছে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ 2020 সালের COVID-19 জরুরী উচ্ছেদ এবং ফোরক্লোসার প্রিভেনশন অ্যাক্টে (COVID-19 Emergency Eviction and Foreclosure Prevention Act) স্বাক্ষর করেছেন। এই আইন (S.9114/A.11181) COVID-19 মহামারী সম্পর্কিত আবাসিক উচ্ছেদ, ফোরক্লোসার প্রক্রিয়া, ঋণের বৈষম্য এবং নেতিবাচক ক্রেডিট রিপোর্টিং প্রতিরোধ করে। এটি সিনিয়র সিটিজেনস হোমওয়ার অব্যাহতি এবং ডিজেবলড হোমওয়ার অব্যাহতি 2020 থেকে 2021 সাল পর্যন্ত বর্ধিত করে। এই আইন নিউ ইয়র্ক স্টেটের ভাড়াটে এবং বাড়ির মালিকদের COVID-19 মহামারীর ফলে অর্থনৈতিক কষ্ট থেকে রক্ষা করার প্রচেষ্টাতে যোগদান করেছে।

"যখন COVID-19 মহামারী শুরু হয়, আমরা নিউ ইয়র্কবাসীদের বাড়িতে থাকার মাধ্যমে একে অপরকে রক্ষা করতে বলেছিলাম। যখন আমরা এই মহামারী যে ম্যারাথনে পরিণত হয়েছে তার মধ্যে দিয়ে লড়াই করে অগ্রসর হচ্ছি, আমাদের নিশ্চিত করতে হবে যে নিউ ইয়র্কবাসীদের এখনো সেই সুরক্ষা প্রদানের জন্য বাড়ি আছে," **গভর্নর কুওমো বলেন।** "এই আইন অভাবী এবং অসহায়দের রক্ষা করে পূর্ববর্তী নির্বাহী আদেশের সাথে আরও যোগদান করে, যারা তাদের নিজেদের কোন দোষ না থাকা সত্ত্বেও নিউ ইয়র্কের জন্য এক অবিশ্বাস্য কঠিন সময়ে উচ্ছেদের সম্মুখীন হয়। ভাড়াটে, বন্ধকদাতা এবং গরিষ্ঠদের জন্য আমরা যত বেশি সমর্থন প্রদান করব, মহামারী শেষ হলে তাদের পায়ে ফিরে আসা ততো সহজ হবে। আমি সংসদকে ধন্যবাদ জানাতে চাই সেই সকল নিউ ইয়র্কবাসীদের জন্য এই গুরুত্বপূর্ণ সুরক্ষা পাশ করার জন্য যাদের সাহায্যের হাত দরকার। এই ধরনের সমর্থন আমাদের নিউ ইয়র্ক কঠিন থাকতে সাহায্য করে।"

এই আইন মহামারীর কারণে ভাড়াটেদের উচ্ছেদ প্রক্রিয়া এবং ফোরক্লোসারের প্রক্রিয়ার সম্মুখীন বন্ধকদাতাদের সাহায্য করে পাঁচটি এলাকায় :

আবাসিক উচ্ছেদ

এই আইন COVID-সম্পর্কিত কষ্টে পরা ভাড়াটেদের জন্য 01 মে 2021 পর্যন্ত আবাসিক উচ্ছেদের উপর স্থগিতাদেশ জারি করেছে। উচ্ছেদ প্রতিরোধের জন্য ভাড়াটেদের অবশ্যই একটি কষ্টের ঘোষণাপত্র বা একটি দলিল জমা দিতে হবে যা কষ্টের উৎসের ব্যাখ্যা করে। বাড়িওয়ালারা সেই সব ভাড়াটেদের উচ্ছেদ করতে পারেন যারা অন্যান্য ভাড়াটেদের জন্য নিরাপত্তা বা স্বাস্থ্যের ঝুঁকি তৈরি করছেন, এবং সেই সব ভাড়াটেদের যারা কষ্টের ঘোষণাপত্র জমা দেন না।

আবাসিক ফোরক্লোসার প্রক্রিয়া

এই আইন 01 মে 2021 পর্যন্ত আবাসিক ফোরক্লোসার প্রক্রিয়ার উপরেও সাময়িক স্থগিতাদেশ জারি করেছে। বাড়ির মালিক এবং ছোট আকারের বাড়িওয়ালারা যারা 10 বা তার কম আবাসিক বাড়ির মালিক তাদের বন্ধকী ঋণদাতা, অন্যান্য ফোরক্লোজিং পার্টি বা আদালত, যা একটি ফোরক্লোসার প্রতিরোধ করতে পারে, তার কাছে একটি কষ্টের ঘোষণাপত্র দাখিল করতে পারেন।

ট্যাক্স লিয়েন সেলস

এই আইন স্থানীয় সরকারগুলিকে অন্তত 01 মে 2021 পর্যন্ত ট্যাক্স লিয়েন সেল বা কর ফোরক্লোসারে জড়িত হওয়া প্রতিরোধ করে। এলাকার প্রদেয় অর্থ প্রদান এখনো বকেয়া আছে।

ক্রেডিট বৈষম্য এবং নেতিবাচক ক্রেডিট রিপোর্টিং

ঋণদানকারী প্রতিষ্ঠানগুলোর ঋণ চাওয়া সম্পত্তির মালিকের প্রতি বৈষম্যমূলক ব্যবহার করা নিষিদ্ধ কারণ সম্পত্তির মালিককে বন্ধকী ফোরক্লোসার প্রক্রিয়া, ট্যাক্স ফোরক্লোসার প্রক্রিয়া বা ট্যাক্স লিয়েন সেলের উপর স্থগিতাদেশ প্রদান করা হয়েছে। এছাড়াও তাদের বৈষম্যমূলক ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে যেহেতু মালিকের এখনো ধার বাকি আছে এবং ঋণদাতার কাছে একটি কষ্টের ঘোষণাপত্র দাখিল করেছেন।

গরিষ্ঠ নাগরিকের গৃহমালিক অব্যাহতি এবং অক্ষম গৃহমালিকের অব্যাহতি

স্থানীয় সরকারগুলিকে 2020 সালের মূল্যায়ন তালিকা থেকে 2021 সালের মূল্যায়ন তালিকায় একই পর্যায়ে গরিষ্ঠ নাগরিকের গৃহমালিকের অব্যাহতি (Senior Citizens' Homeowner Exemption, SCHE) এবং অক্ষম গৃহমালিকের অব্যাহতি (Disabled Homeowner Exemption, DHC) অব্যাহতি ক্যারি ফরওয়ার্ড করতে হবে। এছাড়াও 2021 সালে যারা বৃহত্তর অব্যাহতি পাওয়ার যোগ্য তাদের জন্য নবায়ন আবেদন পত্র প্রদান করতে হবে তাদের। এছাড়াও এলাকাগুলি এমন প্রক্রিয়া স্থাপন করতে পারে যার মাধ্যমে মূল্যায়নকারীরা সেই সমস্ত ব্যক্তিদের কাছ থেকে পুনর্নবীকরণের আবেদন আবশ্যিক করতে পারেন, যাদের তারা বিশ্বাস করেন যে 2021 সালে আর অব্যাহতি

পাওয়ার যোগ্য নাও হতে পারেন। অব্যাহতি প্রাপকদের সশরীরে নবায়নের আবেদন দাখিল করতে হবে না।

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো 28 সেপ্টেম্বর ঘোষণা করেন যে রাজ্যের টেনেন্ট সেফ হারবার অ্যাক্ট [প্রসারিত ও বিস্তৃত করা হবে](#) 01 জানুয়ারি, 2021 অবধি ইতিরিক্ত আবাসিক ভাড়াটীদের উচ্ছেদ থেকে বাঁচানোর জন্য যদি তারা COVID-19 জনস্বাস্থ্য জরুরী অবস্থার সময় আর্থিক সমস্যায় ভোগেন। এক্সিকিউটিভ অর্ডারটি মহামারী শুরুর আগে বিদ্যমান উচ্ছেদ পরোয়ানা উচ্ছেদের জন্য টেনেন্ট সেফ হারবার অ্যাক্টের (Tenant Safe Harbor Act) সুরক্ষাগুলি প্রসারিত করে, এবং যারা ননপেমেন্ট উচ্ছেদ ছাড়া অন্য কোন উচ্ছেদের সম্মুখীন হচ্ছেন কিন্তু একই কষ্ট ভোগ করছেন তাদের প্রতিও সুরক্ষাগুলি প্রসারিত করে।

গণস্বাস্থ্য জরুরি অবস্থার সময় কোনো ভাড়াটেকে উচ্ছেদ করা হবে না তা নিশ্চিত করতে গভর্নর কুওমো প্রথম 20 মার্চ আবাসিক এবং বাণিজ্যিক উচ্ছেদের উপর রাজ্যের একটি স্বগিতাদেশ ঘোষণা করেন। গভর্নর 30 জুন টেনেন্ট সেফ হারবার অ্যাক্টে স্বাক্ষর করেন যা অবিলম্বে কার্যকর হয় এবং সেই সাথে অতিরিক্ত আইনে স্বাক্ষর করেন যা আবাসিক ভাড়াটে এবং বাড়িওয়ালাদের আর্থিক সহায়তা প্রদান করে। উপরন্তু, পূর্ববর্তী নির্বাহী আদেশ দেহিতে ভাড়া পরিশোধের জন্য চার্জ বা ফি নিষিদ্ধ করেছে, এবং আর্থিক কষ্টের সম্মুখীন ভাড়াটেরা এখনও তাদের সিকিউরিটি ডিপোজিট পরিশোধ হিসেবে ব্যবহার করতে পারেন এবং সময়ের সাথে সাথে তাদের সিকিউরিটি ডিপোজিট আবার পরিশোধ করতে পারেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)